

**ঠাকুরগাঁও জেলা সদরে অবস্থিত সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে ২০২২খ্রি. শিক্ষাবর্ষে ছাত্র/ছাত্রী  
ভর্তি বিজ্ঞপ্তি**

ঠাকুরগাঁও সরকারি বালক উচ্চ বিদ্যালয় ও ঠাকুরগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ২০২২ শিক্ষাবর্ষে নিম্নোক্ত শ্রেণির বিপরীতে শূন্য আসনে ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে। বিস্তারিত তথ্য নিম্নে প্রদত্ত হলো।

| বিদ্যালয়ের নাম                           | শ্রেণি | শিফট    | শিক্ষার্থী সংখ্যা | মোট    | শিক্ষার্থীর বয়স                      |
|---|--------|---------|-------------------|--------|---------------------------------------|
| ঠাকুরগাঁও সরকারি বালক<br>উচ্চ বিদ্যালয়   | তৃতীয় | প্রভাতি | ১১৭ জন            | ২৩৬ জন | ৮+ হতে হবে।<br>উর্ধ্বসীমা হবে ১০ বছর। |
|   |        | দিবা    | ১১৯ জন            |        |                                       |
| ঠাকুরগাঁও সরকারি বালিকা<br>উচ্চ বিদ্যালয় | তৃতীয় | প্রভাতি | ১১৮ জন            | ২৩৬ জন | ৮+ হতে হবে।<br>উর্ধ্বসীমা হবে ১০ বছর। |
|   |        | দিবা    | ১১৮ জন            |        |                                       |

১. বয়স: তৃতীয় শ্রেণিতে আবেদনকারীদের বয়স ১ জানুয়ারি ২০২২খ্রি. ৮+ হতে হবে এবং উর্ধ্ব সীমা হবে ১০ বছর।
২. কোটা: বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ভর্তির জন্য ৫% কোটা সংরক্ষিত থাকবে। প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষার মূল ধারায় সম্পৃক্ত করার লক্ষ্যে ন্যূনতম যোগ্যতা থাকার শর্তে ভর্তির ক্ষেত্রে ২% কোটা সংরক্ষিত থাকবে।
৩. আবেদন ফরম পূরণ: অনলাইন এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরু ২৫/১১/২০২১খ্রি. সকাল ১১টা থেকে এবং শেষ ০৮/১২/২০২১খ্রি. বিকাল ৫.০০টা পর্যন্ত।
৪. ভর্তির আবেদন শুধু মাত্র অন-লাইনে এই ঠিকানা <https://gsa.teletalk.com.bd> পূরণ করে আবেদন করা যাবে।
৫. টেলিটক প্রি-পেইড মোবাইল হতে SMS এর মাধ্যমে ফি প্রদান করা যাবে।
৬. ভর্তির আবেদন ফরমের ফি ১১০/- (একশত দশ) টাকা।
৭. আবেদনকারী অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের একটি কালার প্রিন্ট অথবা Download কপি ও প্রবেশপত্রের কালার প্রিন্ট কপি সংরক্ষণ করবেন।
৮. অনলাইনে আবেদনের সময় নিশ্চিত হয়ে শিফট নির্ধারণ করতে হবে। ভর্তির জন্য নির্বাচিত হলে কোনক্রমেই শিফট পরিবর্তন করা যাবে না।
৯. আবেদনকারী Online এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant Copy) প্রয়োজনে সহায়ক হিসেবে অবশ্যই সংরক্ষণ করবেন।
১০. অনলাইনে আবেদন ফরম পূরণ ও ভর্তির সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলী [www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd) এর secondary circular/order ও [www.teletalk.com.bd](http://www.teletalk.com.bd) ওয়েবসাইট হতে জানা যাবে।
১১. আবেদনপত্রে শিক্ষার্থীর তথ্যের সাথে অনলাইন জন্ম নিবন্ধন সনদের তথ্য, পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র এবং বিদ্যালয়ের ছাড়পত্রের তথ্যের মধ্যে মিল থাকতে হবে। তথ্যের গরমিল বা ভুল তথ্য প্রদান করলে নির্বাচন বাতিল বলে গণ্য হবে।
১২. কোটার দাবীর সমর্থনে মূল সনদপত্র ও অন্যান্য প্রয়োজনীয় দলিলাদি ফলাফল প্রকাশের পর অফিস কর্তৃক দেয় নির্ধারিত দিনে প্রদর্শন করতে হবে। কাগজপত্র যাচাই শেষে ভর্তির জন্য বিবেচিত হবে।
১৩. ভর্তি বিজ্ঞপ্তি, নিয়মাবলী ও ফলাফল বিদ্যালয়সমূহের ওয়েব সাইটে [www.tgbhs.edu.bd](http://www.tgbhs.edu.bd)/[www.tgghs.edu.bd](http://www.tgghs.edu.bd) এবং বিদ্যালয়সমূহের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

বিঃদ্র: টেলিটক সফটওয়্যারে অনলাইনের মাধ্যমে “শিক্ষার্থী নির্বাচন” লটারি আগামী ১৫/১২/২০২১খ্রি. তারিখ অনুষ্ঠিত হবে।

*Skt*

২৫/১১/২১  
(সাহানা খান)

প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)

ঠাকুরগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও সদস্য সচিব  
জেলা সদরে সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে ভর্তি পরীক্ষা কমিটি।

স্মারক নং: ১৯৪/৬(৮)

তারিখ: ২৪/১১/২০২১খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
- ৩। পুলিশ সুপার, ঠাকুরগাঁও।
- ৪। অধ্যক্ষ, ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও।
- ৫। অধ্যক্ষ, ঠাকুরগাঁও সরকারি মহিলা কলেজ, ঠাকুরগাঁও।
- ৬। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
- ৭। সিভিল সার্জন, ঠাকুরগাঁও।
- ৮। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ঠাকুরগাঁও।
- ৯। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঠাকুরগাঁও।
- ১০। জেলা শিক্ষা অফিসার, ঠাকুরগাঁও।
- ১১। প্রধান শিক্ষক, ঠাকুরগাঁও সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ঠাকুরগাঁও।
- ১২। অফিস নথি।
- ১৩। .....

*SKL*

২৪.১১.২১  
(সাহানা খান)

প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)

ঠাকুরগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও সদস্য সচিব  
জেলা সদরে সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে ভর্তি পরীক্ষা কমিটি।